গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
জুলাই গণঅভ্যুত্থান শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০১৬.৩৬.০০০১.২৫-৫৫৫

তারিখ: ২৫ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১০ নভেম্বর ২০২৬ খ্রি.

গণবিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই গণঅভ্যুত্থান চলাকালে ছাত্র-জনতার আন্দোলনে অংশগ্রহণ করে আহত হয়ে চিকিৎসা গ্রহণ করেছেন অথবা চিকিৎসাধীন আছেন কিন্তু জুলাই যোদ্ধা হিসেবে গেজেটভুক্ত হননি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

আহত ব্যক্তি তাঁর জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা ও আহত হওয়ার স্বপক্ষে উপযুক্ত প্রমাণকসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় এবং জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তরে আবেদন করতে পারবেন। উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিলকৃত আবেদনসমূহ বিশেষ দূত মারফত জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। দাখিলকৃত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১০.১১.২০২৬

মোঃ জহিরুল ইসলাম
উপসচিব
ফোন: ০২২২৬৬৪১৩০৬ (অফিস)